

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : শামীম আহমেদ
জেলা প্রশাসক, রাজশাহী

সভার তারিখ : ১৪ মার্চ ২০২৪

সভার সময় : বেলা ১২:২০ মিনিট

স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ


সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি রাজশাহী জেলার অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ও উপজেলা কমিটির সকল দপ্তর প্রধানকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য অধিকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন। তথ্যের অবাধ ব্যবহার নিশ্চিতকল্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে কার্যক্রম গ্রহণ এবং তাদেরকে আরটিআই অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য তিনি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সদস্য-সচিব সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনামতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সভাপতি সভার সদস্যদের উদ্দেশ্যে বলেন, তথ্যের অবাধ প্রবাহের উদ্দেশ্যে তথ্য অধিকার আইন জনসাধারণের জন্য তৈরী হয়েছে সুতরাং তাদের অধিকারের বিষয়টি নিশ্চিত করতে হবে। তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী কর্মতৎপরতা বাড়াতে ও জনসাধারণকে তথ্য অধিকার আইন সম্পর্কে অবগত করার জন্য সরকারি দপ্তরগুলির ওয়েব পোর্টালে প্রকাশ, সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে রাখতে অনুরোধ জানান।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটিকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।	সম্মানিত সদস্যগণ (সকল)
০২	কমিটির সদস্য-সচিব জানান যে, রাজশাহী জেলা ও উপজেলায় তথ্য প্রদান ইউনিটের সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত বিকল্প কর্মকর্তার সংখ্যা ৩৩৭, আপীল কর্তৃপক্ষের সংখ্যা ৭৫, অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৬৩৭। সভাপতি জেলার নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষকে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশের পদক্ষেপ নিয়ে তা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।	প্রত্যেক বিভাগ/ দপ্তর কর্তৃক তাদের কর্মকাণ্ডের প্রকাশিতব্য তথ্য স্ব-প্রণোদিত হয়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৩	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ও ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার আইন, ২০০৯ বলেন, অনেক নাগরিক মনে করেন যে, যে কোনো তথ্য শুধুমাত্র জেলা প্রশাসকের কার্যালয় হতেই পাওয়া সম্ভব। কিন্তু বিষয়টি তেমন নয়। জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে তথ্য প্রদান ইউনিট তথা একজন করে তথ্য প্রদানকারী কর্মকর্তাকে নিয়োগ প্রদান করা আছে। সুতরাং যে দপ্তর সংশ্লিষ্ট তথ্য সেই দপ্তরেই আবেদন করতে হবে। এবং তথ্য না পাওয়া গেলে প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরের উর্দ্ধতন দপ্তরে আপীল করা যেতে পারে। বিষয়টি জনগণের মধ্যে ব্যাপক প্রচারণার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।	সকল দপ্তর হতেই যে তথ্য পাওয়া সম্ভব সে বিষয়ে জনগণের মধ্যে ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হলো।	সম্মানিত সদস্যগণ (সকল)



ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৪	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্দিষ্ট ফরমে অথবা প্রয়োজনে সাদা কাগজে তথ্য চেয়ে আবেদন করলেও জরুরী ভিত্তিতে তথ্য প্রদান করার অনুরোধ জানান। তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান।	প্রত্যেক বিভাগ/ দপ্তরকে জনসাধারণের চাহিত তথ্যাদি জরুরীভাবে প্রদানের ব্যবস্থা নিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৫	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ এবং রাজশাহী পোর্টালে তাদের নিজ নিজ দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করতে পুনরায় অনুরোধ জানান।	বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান এবং পোর্টালে উক্ত কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(শামীম আহমেদ)
জেলা প্রশাসক
রাজশাহী


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৪.০৪.০০১.২৩.-২৪/২(৪২)

তারিখ: ২৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
- ৫) বিভাগীয় কমিশনার, রাজশাহী
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
- ৭), রাজশাহী


(সাকিব হাছান খান)
সহকারী কমিশনার

ও
তথ্য প্রদানকারী কর্মকর্তা
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী